**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৯২/২০১৭**

**ঢাকা, মঙ্গলবার ৯ মে ২০১৭, ২৬ বৈশাখ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিনিয়োগবান্ধব পরিবেশ উন্নয়নে ওয়ান-স্টপ সার্ভিস চালু হচ্ছে
: মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন

২। এক পরিবারের চারজন ব্যাংক পরিচালক থাকতে পারবেন
: মন্ত্রিসভায় ব্যাংক কোম্পানি (সংশোধন) আইন অনুমোদন

৩। দেশে আইনের শাসন, বিচার বিভাগ ও গণমাধ্যমের স্বাধীনতা আছে : সংসদে প্রধানমন্ত্রী

৪। রবীন্দ্রনাথ মানবতাবাদী হতে শিক্ষা দিয়েছেন : রাষ্ট্রপতি

৫। জাতীয় সংসদে কৃষি গবেষণা ইনস্টিটিউট বিল পাস

৬। অসাধু ব্যবসায়ীদের কারসাজি রোধে শীঘ্রই চাল আমদানি : খাদ্যমন্ত্রী

৭। চীনের কাছে কুনমিং-কক্সবাজার রুটে বিমানের ফ্লাইট চালু ও রোহিঙ্গা
সমস্যার সমাধানে সহায়তা চান পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম

৮। বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা শরণার্থীদের জন্য ২০ লাখ ডলার অনুদান দিচ্ছে জাপান

৯। চলতি অর্থবছরের ১০ মাসে রফতানি খাতে আয় হয়েছে ২ হাজার ৮৭২ কোটি মার্কিন ডলার

১০। রমজানে অফিস সময় ৯টা থেকে সাড়ে ৩টা পর্যন্ত নির্ধারণ

চলমান পাতা-২

**১। বিনিয়োগবান্ধব পরিবেশ উন্নয়নে ওয়ান-স্টপ সার্ভিস চালু হচ্ছে : মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন**

দেশি-বিদেশি বিনিয়োগকারীদের সেবাপ্রাপ্তি সহজ করতে ‘ওয়ান-স্টপ সার্ভিস’ চালু করতে যাচ্ছে সরকার। এতে একই ছাদের নিচে ১৬ ধরনের সেবা পাবেন দেশি-বিদেশি বিনিয়োগকারীরা। এজন্য ‘ওয়ান-স্টপ সার্ভিস আইন-২০১৭’এর খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ৮ মে সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ আইনের খসড়া অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**২। এক পরিবারের চারজন ব্যাংক পরিচালক থাকতে পারবেন**
**: মন্ত্রিসভায় ব্যাংক কোম্পানি (সংশোধন) আইন অনুমোদন**

বাণিজ্যিক ব্যাংকের পরিচালকরা টানা তিন মেয়াদে দায়িত্ব পালনের সুযোগ পাচ্ছেন। একই সঙ্গে একটি ব্যাংকে এক পরিবারের চারজন পরিচালক থাকার সুযোগও পাবেন। মন্ত্রিসভা এই সুযোগ রেখে ব্যাংক কোম্পানি (সংশোধন) আইন-২০১৭ এর খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ৮ মে সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয় বলে সভা শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৩। দেশে আইনের শাসন, বিচার বিভাগ ও গণমাধ্যমের স্বাধীনতা আছে : সংসদে প্রধানমন্ত্রী**

দেশে আইনের শাসন এবং বিচার বিভাগ ও গণমাধ্যমের স্বাধীনতা আছে জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, প্রধান বিচারপতি কীভাবে বললেন, দেশে আইনের শাসন নেই। বিচার বিভাগ যে সম্পূর্ণ স্বাধীন, একজন নেত্রীর বিরুদ্ধে মামলায় ১৪০ দিন সময় চাওয়া ও দেওয়া আর ৪০ বার রিট নিষ্পন্ন করাই তার প্রমাণ। তিনি বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার জিয়া অরফানেজ ট্রাস্ট মামলার প্রসঙ্গে একথা বলেন। প্রধানমন্ত্রী গতকাল ৮ মে সোমবার জাতীয় সংসদের পঞ্চদশ অধিবেশনের সমাপনী বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৪। রবীন্দ্রনাথ মানবতাবাদী হতে শিক্ষা দিয়েছেন : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর বাঙালির মাঝে অসাম্প্রদায়িকতার বীজ বপন করেছিলেন। সারা বিশ্বে মৌলবাদ ও সাম্প্রদায়িকতা মাথাচাড়া দিয়ে ওঠায় রবীন্দ্রচর্চা আরও বেশি প্রাসঙ্গিক হয়ে পড়েছে। রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৬তম জন্মবার্ষিকী উপলক্ষে গতকাল ৮ মে সোমবার তার স্মৃতিবিজড়িত নওগাঁর পতিসরে জাতীয় কর্মসূচি উদ্বোধন করতে গিয়ে রাষ্ট্রপতি এসব কথা বলেন। রাষ্ট্রপতি আরও বলেন, রবীন্দ্রনাথ কেবল তার সময়ের কবি নন, তিনি সর্বকালের কবি। তিনি বাংলা সাহিত্যকে পূর্ণতা দিয়েছেন, দিয়েছেন বিশ্বসমাজে উচ্চ প্রতিষ্ঠা ও মর্যাদা। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১)।

**৫। জাতীয় সংসদে কৃষি গবেষণা ইনস্টিটিউট বিল পাস**

কৃষি খাতে তথ্য-প্রযুক্তির ব্যবহার এবং জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবিলায় গবেষণা কাজের সুযোগ সৃষ্টির লক্ষ্যে গতকাল ৮ মে সোমবার সংসদে ‘বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট বিল, ২০১৭’ পাস হয়েছে। কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বিলটি পাসের প্রস্তাব করলে তা কণ্ঠভোটে পাস হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২)।

## ৬। অসাধু ব্যবসায়ীদের কারসাজি রোধে শীঘ্রই চাল আমদানি : খাদ্যমন্ত্রী

টানা পাঁচ বছর পর আবার চাল আমদানি করতে যাচ্ছে সরকার। এ লক্ষ্যে শীঘ্রই দরপত্র আহ্বান করতে যাচ্ছে খাদ্য অধিদফতর। এ ব্যাপারে খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম বলেন, অচিরেই চাল আমদানির দরপত্র আহ্বান করা হবে। তিনি বলেন, কোটেশনের ভিত্তিতে আন্তর্জাতিক পর্যায়ে ৫ বা ৬ লাখ টন চাল আমদানি করা হবে। অসাধু ব্যবসায়ীরা কৃত্রিম সঙ্কট তৈরি করে বাজার যাতে অস্থিতিশীল করতে না পারে সে লক্ষ্যে এই আমদানির উদ্যোগ নেওয়া হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১, ক. ৮)।

=৩=

## ৭। চীনের কাছে কুনমিং-কক্সবাজার রুটে বিমানের ফ্লাইট চালু ও রোহিঙ্গা সমস্যার সমাধানে সহায়তা চান পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম

চীনের ইউনান প্রদেশে প্রাদেশিক সরকারের সিনিয়র উপদেষ্টা লি ঝিউলিং-এর সাথে বৈঠকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম কুনমিং-কক্সবাজার রুটে পরীক্ষামূলকভাবে বিমানের ফ্লাইট চালু এবং রোহিঙ্গা শরণার্থী সমস্যা সমাধানে সহায়তা চেয়েছেন। গতকাল ৮ মে সোমবার রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় একটি দ্বি-পাক্ষিক বৈঠকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম এ সহায়তা কামনা করেন। গতকাল ৮ মে সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৮), **যুগান্তর** (পৃ.১৭,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

## ৮। বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা শরণার্থীদের জন্য ২০ লাখ ডলার অনুদান দিচ্ছে জাপান

বাংলাদেশে আশ্রয় নেওয়া প্রতিবেশী দেশ মায়ানমারের রোহিঙ্গা শরণার্থীদের জন্য ২০ লাখ ডলার বা ১৬ কোটি টাকার বেশি জরুরি অনুদান সহায়তা দিচ্ছে জাপান সরকার। ফলে তিনটি আন্তর্জাতিক সংস্থা বাংলাদেশে অবস্থানরত রোহিঙ্গা শারণার্থীদের মনোসামাজিক সহায়তা, আশ্রয়, খাদ্য ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করাসহ আশ্রয়-বসতি নির্মাণ, চিকিৎসা ও স্বাস্থ্যসেবা প্রদান এবং পানি সরবরাহে এ অর্থ ব্যয় করবে। জাতিসংঘের চলমান মানবিক সহায়তা কার্যক্রম জোরদার করতে এ সহায়তা দিচ্ছে জাপান। জাপান দূতাবাস, জাতিসংঘ শরণার্থী সংস্থা ইউএনএইচসিআর, জাতিসংঘের শিশু তহবিল (ইউনিসেফ) ও আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) এক যৌথ বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫)।

## ৯। চলতি অর্থবছরের ১০ মাসে রফতানি খাতে আয় হয়েছে ২ হাজার ৮৭২ কোটি মার্কিন ডলার

২০১৬-১৭ অর্থবছরের জুলাই-এপ্রিল পর্যন্ত ১০ মাসে রফতানি খাতে আয় হয়েছে ২ হাজার ৮৭২ কোটি মার্কিন ডলার, যা গত অর্থবছরের (২০১৫-১৬) একই সময়ের তুলনায় ১০৭ কোটি ডলার বেশি। এ সময়ে প্রবৃদ্ধি অর্জিত হয়েছে ৩ দশমিক ৯২ শতাংশ। তবে এ সময় রফতানি আয়ে প্রবৃদ্ধি হলেও লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। গতকাল ৮ মে সোমবার রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) প্রকাশিত এপ্রিল মাস পর্যন্ত রফতানি হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২)।

## ১০। রমজানে অফিস সময় ৯টা থেকে সাড়ে ৩টা পর্যন্ত নির্ধারণ

রমজানে সরকারি প্রতিষ্ঠানে সকাল ৯টা থেকে বিকাল সাড়ে ৩টা পর্যন্ত অফিস সময় নির্ধারণ করা হয়েছে। গতকাল ৮ মে সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ সময়সূচি নির্ধারণ করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.4), **সমকাল** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** ( পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, প্রথম আলো :** জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (ফাও) এর তথ্য মতে বাংলাদেশে পুষ্টিহীন মানুষের সংখ্যা দুই কোটি ৬০ লাখ হওয়ার কথায় উদ্বেগ প্রকাশ করে অপুষ্টি রোধে সঠিক নীতিমালা ও দিকনির্দেশনা গ্রহণ করার ওপর গুরুত্বারোপ।

খ. **প্রথম আলো :** মৌলভীবাজারের কুলাউড়া উপজেলায় মনু নদের প্রতিরক্ষা বাঁধে ভাঙনের শুরু হওয়ায় ঝুঁকির মুখে পড়েছে উপজেলার সীমান্ত সংলগ্ন ইউনিয়ন শফিপুরের মনু সেতুটি উল্লেখ করে এ ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নিতে পানি উন্নয়ন বোর্ডসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ।

গ. **যুগান্তর, জনকণ্ঠ :** দেশজুড়ে সর্বনাশা ইয়াবা ব্যবসার ভয়াবহ আগ্রাসন রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **যায়যায়দিন :** দেশের প্রত্যন্ত অঞ্চলে জঙ্গি আস্তানার সন্ধান পাওয়া যাওয়ার কথা উল্লেখ করে জঙ্গি দমনে এর মূলোৎপাটন জরুরি বলে মত প্রকাশ।

ঙ. **সংবাদ, ভোরের কাগজ :** রাজধানীতে একটি হোটেলে বিশ্ববিদ্যালয়ের দুই ছাত্রী নির্যাতনের ঘটনায় জড়িতদের কঠোর শাস্তির দাবি।



চ. **ইন্ডিপেনডেন্ট :** সাম্প্রতিককালে গড়ে প্রতি বছর দেশে বজ্রপাতে **১১৭** জনের প্রাণহানির ঘটনায় উদ্বেগ প্রকাশ করে একে নতুন দুর্যোগ হিসেবে বিবেচনায় নিয়ে নিরাপদ পরিবেশের জন্য ব্যাপকহারে গাছ লাগানোর ব্যবস্থা করার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** রাজধানীসহ সারা দেশে সড়ক মহাসড়কে নিরাপদে চলাচলের জন্য সড়কের দুই পাশের সব ধরনের অবৈধ স্থাপনা দ্রুত সরিয়ে ফেলে রাস্তাগুলোকে পর্যাপ্ত প্রশস্ত করার আহ্বান।

জ. **নিউজ টুডে :** পাটের অতীত গৌরব ফিরিয়ে আনতে বর্তমানে ব্যবহৃত আর্টিফিসিয়াল পণ্যসামগ্রীর পরিবর্তে পাটজাত পণ্যসামগ্রী ও পাটের সুতার তৈরি পোশাকের ব্যবহার বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ঝ. **নিউ নেশন, যুগান্তর, জনকণ্ঠ :** একাদশ শ্রেণীতে ভর্তি সংক্রান্ত বর্তমান শিক্ষাবান্ধব নীতিমালা যেন সত্যিই গ্রহণযোগ্য হয় সেই প্রত্যাশা করে মানসম্মত কলেজের সংখ্যা বাড়ানোর আহ্বান করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে শিক্ষার মানোন্নয়নে শিক্ষা খাতে বাজেট বাড়াতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'নৌপরিবহণ এবং দুর্ঘটনার ঝুঁকি'** শিরোনামের নিবন্ধে মুসাহিদ উদ্দিন আহমদ নৌদুর্ঘটনার জন্য দায়ী ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং নৌযান মালিক ও নৌপরিবহণ কর্তৃপক্ষের কার্যকলাপের জবাবদিহিতা নিশ্চিত না করলে নৌ দুর্ঘটনা প্রতিরোধ সম্ভব নয় বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদ/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা